

## এই পুস্তিকার তথ্যের জন্য যেসব উৎস ব্যবহার করা হয়েছে

এনএইচএস ইংল্যান্ড (2021) (HTM 01-04)  
স্বাস্থ্য এবং সোশ্যাল কেয়ারের জন্য লিনেন  
দূষণমুক্ত করা। [অনলাইন] এখানে পাওয়া যাবে  
[https://www.england.nhs.uk/publication/  
decontamination-of-linen-for-health-  
and-social-care-htm-01-04/](https://www.england.nhs.uk/publication/decontamination-of-linen-for-health-and-social-care-htm-01-04/) (Accessed 14  
ফেব্রুয়ারি 2023)

# বাড়িতে রোগীদের ব্যবহৃত জামাকাপড় ধোয়া

পরিবার ও কেয়ারারদের জন্য তথ্য ও পরামর্শ

## সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

আপনি যদি এই লিফলেটে কোনো সংশোধন বা  
পরিমার্জন করতে চান, অনুগ্রহ করে এসডব্লিউবি  
লাইব্রেরী সার্ভিসেস এর সাথে 3587 এক্সটেনশনে  
যোগাযোগ করুন অথবা [swbh.library@nhs.net](mailto:swbh.library@nhs.net)

ঠিকানায় ইমেইল করুন।



বার্মিংহাম ইউনিভার্সিটির একটি শিক্ষণ ট্রাস্ট

Incorporating City, Sandwell and Rowley Regis Hospitals

© Sandwell and West Birmingham NHS Trust

ML5331

প্রকাশের তারিখ: ফেব্রুয়ারি 2023  
পর্যালোচনার তারিখ: ফেব্রুয়ারি 2026



এই পুস্তিকাটি বাড়িতে রোগীর কাপড় ধোয়া সংক্রান্ত পরামর্শ ও তথ্য দেয় যা তারা হাসপাতালে থাকার সময় পরেছেন অথবা পরবেন।

## সাধারণ পরামর্শ

আমরা আপনাকে একটি সাদা প্লাস্টিকের ব্যাগে করে রোগীর জামাকাপড় দিয়ে দেব যা বাঁধা থাকবে এবং রোগীর সম্পত্তি লেবেলযুক্ত একটি দ্বিতীয় ব্যাগের ভিতর রাখা হবে।

রোগীরা যদি হাসপাতালে তাদের নিজস্ব জামাকাপড় পরে থাকেন, সেক্ষেত্রে কার্যকরভাবে ধোয়ার জন্য উপাদানটিকে 60 ডিগ্রির উপরে উচ্চ তাপমাত্রায় ধুতে হবে।

পলিয়েস্টার, উল, রেয়ন, স্প্যানডেক্স অথবা সিল্কের মতো কিছু কাপড়ের জন্য এই তাপমাত্রা খুব বেশি এবং জামাকাপড় সঙ্কুচিত হয়ে যেতে পারে। রোগীদের পক্ষে সম্ভব হলে হাসপাতালে থাকার সময় এই উপকরণগুলো পরা এড়ানোর চেষ্টা করতে হবে।

আরও তথ্যের জন্য, সাধারণত জামাকাপড়ের ভিতরে ধোয়ার নির্দেশাবলীযুক্ত একটি লেবেল থাকে।

যদি রোগীর জামাকাপড় ময়লা হওয়ার ঝুঁকি থাকে তবে আমরা হাসপাতালে থাকাকালীন একটি শালীন গাউন সরবরাহ করতে পারি।

ময়লা জামাকাপড়ের মধ্যে এমন কাপড় অন্তর্ভুক্ত থাকে যা রক্ত অথবা ক্ষতের দাগ, প্রস্রাব, বমি ও মল অথবা অন্য যেকোনো কারণে খুব নোংরা।

## নোংরা হয়ে গেছে এমন জামাকাপড় ধোয়া

নোংরা জামাকাপড় এবং অন্যান্য আইটেম যেমন ক্লোরিনডিয়াম ডিফিনিসিলের মতো পরিচিত সংক্রমণে আক্রান্ত কারও কাছ থেকে আসা তোয়ালে ('সি. ডিফ', একটি সংক্রমণ যা সাধারণত হাসপাতালে পাওয়া যায়) 60 ডিগ্রি অথবা তার চেয়ে বেশি তাপমাত্রায় ধুয়ে ফেলতে হবে।

1. ব্যাগ থেকে জামাকাপড় বের করার সময়, আপনি অবশ্যই:
  - প্লাস্টিক অথবা রাবারের গ্লাভস পরবেন যা ব্যবহার করার পরে আপনি ধুয়ে ফেলতে অথবা ফেলে দিতে পারবেন।
  - জামাকাপড় অন্যান্য ব্যবহৃত জামাকাপড় থেকে আলাদা রাখবেন।
  - গ্লাভস খুলে ফেলার পরেও সাবান ও পানি দিয়ে হাত ধুয়ে নেবেন।
2. ব্যাগটি সাবধানে ছিঁড়ে ফেলে জামাকাপড় সরাসরি ওয়াশিং মেশিনে রেখে দেবেন। মেশিন ওভারলোড করবেন না।
3. সাধারণ বর্জ্যসহ প্লাস্টিকের ব্যাগগুলো সরাসরি ডাস্টবিনে ফেলে দেবেন। গ্লাভসগুলোও ডাস্টবিনে ফেলে দেবেন অথবা পুনরায় ব্যবহার করতে চাইলে ভালো করে ধুয়ে ফেলবেন।
4. আপনি গ্লাভস খুলে ফেলার পরে সর্বদাই সাবান ও পানি দিয়ে আপনার হাত ধুয়ে নেবেন।

5. প্রথমে 'প্রি ওয়াশ' কোল্ড রিম্ম সাইকেল ব্যবহার করবেন। এর পরে, যদি উপাদানটি উপযুক্ত হয় তবে 60 ডিগ্রি অথবা তার বেশি তাপমাত্রায় একটি গরম পানি দিয়ে ধোয়ার সাইকেলে ধুয়ে ফেলবেন। ভেজাবেন না।
6. সম্ভব হলে জামাকাপড় টাম্বল ড্রাই করতে হবে অথবা একটি জামাকাপড় শুকানোর দড়ির উপর দিয়ে বাতাসে শুকাতে হবে এবং স্বাভাবিকভাবে ইন্ড্রি করতে হবে।
7. যদি মেশিনের বাইরের অংশ নোংরা জামাকাপড়ের সংস্পর্শে আসে তবে আপনাকে অবশ্যই এটি গরম সাবান পানি এবং একটি ডিসপোজেবল কাপড় দিয়ে ধুয়ে ফেলতে হবে।

## ময়লা হয়নি এমন জামাকাপড় ধোয়া

যে জামাকাপড়গুলো নোংরা নয় অথবা সংক্রমণে আক্রান্ত রোগীর নয় সেগুলোকে স্বাভাবিকভাবে ধুয়ে ফেলা যেতে পারে, ওয়াশিং পাউডার ব্যবহার করে এবং এরপরে সম্ভব হলে টাম্বল ড্রাই করে। এগুলোকে 60 ডিগ্রিতে ধোয়ার দরকার নেই।

## আরো তথ্য

আমাদের হাসপাতাল এবং সার্ভিসগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের [www.swbh.nhs.uk](http://www.swbh.nhs.uk) ওয়েবসাইটগুলো দেখুন, টুইটারে আমাদেরকে ফলো করুন @SWBHnhs এবং ফেসবুকে [www.facebook.com/SWBHnhs](http://www.facebook.com/SWBHnhs)। আমাদের লাইক দিন।

